

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৩০.১৯-৬২২

তারিখঃ ১২ অগ্রহায়ণ ১৪২৬
২৭ নভেম্বর ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-১১৪০১/২০১৯ এর প্রেক্ষিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণসহ গৃহীত কার্যক্রম এ বিভাগকে অবহিতকরণ।

সূত্রঃ মাননীয় হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১১৪০১/২০১৯ এর রুলনিশি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট মামলার বিবরণ নিম্নরূপ:

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্টস	মামলা দায়েরের কারণ/বিষয়
১১৪০১/২০১৯	জনাব মো: আফতাব উদ্দিন, অধ্যক্ষ, ভাটিনা আলিম মাদ্রাসা, সদর, দিনাজপুর। , বাগমারা, রাজশাহী।	১। সচিব, TMED, ২। মহাপরিচালক, DME, ৩। চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড, ৪। রেজিস্ট্রার, মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং আরো অন্যান্যসহ মোট ০৭ জন।	দিনাজপুর জেলার সদর উপজেলাধীন ভাটিনা আলিম মাদ্রাসার অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত) জনাব মো: আফতাব উদ্দিন-কে স্বপদে বহাল ও বেতন ভাতার প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক গত ০৬.১১.১৮ তারিখের ১০০৮৪/৪ সংখ্যক স্মারকমূলে গভর্নিং বডির সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ বরাবর পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের নির্দেশনা গভর্নিং বডি কর্তৃক বাস্তবায়িত না হওয়ায় গভর্নিং বডির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য পিটিশনার কর্তৃক গত ২৮.০৪.১৯ তারিখে চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর বরাবর আবেদন করা হয়। উক্ত আবেদনটি নিষ্পত্তি না হওয়ায় পিটিশনার জনাব মো: আফতাব উদ্দিন কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১৪০১/২০১৯ দায়ের করা হয়।

০২। উক্ত রিট মামলাটি গত ২৭.১০.১৯ খ্রি. তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করা হয়:

Pending hearing of the Rule, the respondent No. 3 is directed to dispose of the petitioner's said application dated 28.04.19 (Annexure-F), in accordance with law, within a period of 30 (thirty) days from receipt of the copy of this order.

০৩। উল্লেখ্য, উক্ত মামলায় পিটিশনারের গত ২৮.০৪.২০১৯ তারিখের আবেদনটি বিধি মোতাবেক কেন নিষ্পত্তি করা হবে না সেমর্মে ২৪.১১.১৯ তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য ৩নং রেসপনডেন্ট এর প্রতি নির্দেশনা দেয়া হরয়েছে। সে প্রেক্ষিতে বর্ণিত রিট মামলার অন্তর্বর্তীকালীন আদেশে পিটিশনারের ২৮.০৪.১৯ তারিখের আবেদনটি বিধিগতভাবে নিষ্পত্তি করে সরকার পক্ষে দ্রুত মামলার জবাব (Affidavit in opposition) দাখিল আবশ্যিক।

০৪। সেসাথে যেহেতু উক্ত রিট মামলার ২৭.১০.১৯ খ্রি. তারিখের আদেশে পিটিশনার কর্তৃক ২৮.০৪.১৯ খ্রি. তারিখের আবেদনপত্রটি (যা চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড বরাবর দাখিল হয়েছিল) যথাসময়ে নিষ্পত্তি না করায় রিট মামলার উদ্ভব হয়েছে সেহেতু বর্ণিত রিট মামলার নির্দেশনা মোতাবেক পিটিশনারের ২৮.০৪.১৯ খ্রি. তারিখের আবেদনটি চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক বিধিগতভাবে নিষ্পত্তি হওয়া আবশ্যিক।

০৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১১৪০১/২০১৯ মামলায় গত ২৭.১০.১৯ খ্রি. তারিখের নির্দেশনা মতে পিটিশনারের ২৮.০৪.১৯ খ্রি. তারিখের আবেদনটি বিধি অনুযায়ী নিষ্পত্তি করে পিটিশনারকে জানিয়ে গৃহীত পদক্ষেপের তথ্য মহামান্য আদালতকে (আইনগত সুযোগ থাকলে) অবহিতক্রমে আগামী ১৭.১২.১৯ খ্রি. তারিখের মধ্যে TMED কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো। সেসাথে জবাব (Affidavit in opposition) আদালতে দাখিল নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো।

মো: আ: খালেক মিঞা
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বখশীবাজার, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।